


ইসলামী বিশ্ববিদ্যালয়ের আল হাদীস অ্যান্ড ইসলামিক স্টাডিজ বিভাগের মরহুম অধ্যাপক ড. খোন্দকার আবু নাসর মুহাম্মদ আব্দুল্লাহ জাহাঙ্গীর মেধা বৃত্তি প্রকল্পের উদ্বোধন করা হয়েছে।

রবিবার (২২ অক্টোবর ২০২৩, দুপুর ০১:৩০ মিনিটে) বিশ্ববিদ্যালয়ের থিওলজি অ্যান্ড ইসলামিক স্টাডিজ অনুষদের ডিন সভাকক্ষে এই প্রকল্পের উদ্বোধন করা হয়।

অনুষ্ঠানটি বিভাগের অধ্যাপক ড. মোস্তাফিজুর রহমানের সঞ্চালনায় ও সভাপতি অধ্যাপক ড. সৈয়দ মাকসুদুর রহমানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন থিওলজি অ্যান্ড ইসলামিক স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক ড. এইচ. এ. এন. এম এরশাদ উল্লাহ।

বিশ্ববিদ্যালয়ের আল হাদীস অ্যান্ড ইসলামিক স্টাডিজ বিভাগের অধ্যাপক ড. আ থ ম ওয়ালী উল্লাহ, অধ্যাপক ড. মো. সেকেন্দার আলী, অধ্যাপক ড. জাকির হেসেন, অধ্যাপক ড. মুহাম্মদ নাছির উদ্দিন, অধ্যাপক ড. মুহাম্মদ আশরাফুল আলম, অধ্যাপক ড. মো. আকতার হেসেন, অধ্যাপক ড. আ হ ম নুরুল ইসলাম ও অধ্যাপক ডঃ মুহাম্মদ অলী উল্লাহ প্রমুখ বক্তব্য প্রদান করেন। এ সময় উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের আরবী বিভাগের সহযোগী অধ্যাপক ড. মো. রফিকুল ইসলাম। বিভাগের ছাত্র ছাত্রী, কর্মকর্তা ও সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

এ বিষয়ে বিভাগের সভাপতি অধ্যাপক ড. সৈয়দ মাকসুদুর রহমান বলেন, ‘ এই বৃত্তি প্রকল্পটি বিশ্ববিদ্যালয়ের সুন্দর এক দৃষ্টান্ত হয়ে থাকবে। আমরা বিভাগ এই কাজে সহযোগী হতে পেরে গর্বিত। যার অর্থায়নে এই প্রকল্পে তাঁর প্রতি কৃতজ্ঞতা জানাই। এটি শিক্ষার্থীদের জন্য অনুপ্রেরণা হবে। প্রাক্তন শিক্ষার্থীদের এ ধরণের কর্মকান্ড নিয়ে এগিয়ে আসার আহ্বান করছি। এই মেধাবৃত্তি ২০২২ সাল থেকে অর্নাস ও মাস্টার্স শেষ করে যারা প্রথমস্থান অধিকার করবেন তাদের থেকে কার্যকর হবে।

উল্লেখ্য, আল হাদীস অ্যান্ড ইসলামিক স্টাডিজ বিভাগের সহযোগিতায় ও বিভাগের প্রাক্তন শিক্ষার্থী মুহাম্মদ শারফুদ্দিন শরিফের উদ্যোগে এই প্রকল্পের উদ্বোধনের আয়োজন করা হয়। ড. আবদুল্লাহ জাহাঙ্গীর ছিলেন বাংলাদেশের অন্যতম একজন বিশিষ্ট ইসলামিক ব্যক্তিত্ব, অধ্যাপক, গবেষক, লেখক, টিভি আলোচক ও অনুবাদক।